# সম্মেলন

## কাউকে পেছনে ফেলে নয়

## প্রান্তিক ও বিচ্ছিন জনগোষ্ঠীর বন, ভূমি ও সামাজিক অধিকার

**১৬-১৭ নভেম্বর ২০১৭**

স্থান: আরডিআরএস বাংলাদেশ, জেল রোড, রাধাবল্লভ, রংপুর



*আয়োজক*

সোসাইটি ফর এনভায়রনমেন্ট অ্যান্ড হিউম্যান ডেভেলপমেন্ট (সেড)। পাওয়ার অ্যান্ড পার্টিসিপেশন রিসার্চ সেন্টার (পিপিআরসি)। খ্রিস্টিয়ান কমিশন ফর ডেভেলপমেন্ট ইন বাংলাদেশ (সিসিডিবি)। গ্রাম বিকাশ কেন্দ্র (জিবিকে)

সুধী,

দারিদ্র্যের চ্যালেঞ্জ মোকাবেলায় বাংলাদেশের সাফল্য প্রশংসনীয় যদিও দারিদ্র্য একটি বহুমাত্রিক বাস্তবতা। আর এর অন্যতম প্রতিচ্ছবি এ দেশেরই বিচ্ছিন্ন ও প্রান্তিক জনগোষ্ঠী যাদের জনসংখ্যা আনুমানিক ৮০ লাখ। দারিদ্র্য মোকাবেলায় দেশের অর্জন উল্লেখযোগ্য হলেও প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠী তুলনামূলকভাবে পেছনে পড়ে আছে।

সমাজে সবচেয়ে পিছিয়ে থাকা এই মানুষগুলোর নিরন্তর লড়াইকে সবার সামনে নিয়ে আসাই আজকের বাংলাদেশের একটি বড় চ্যালেঞ্জ। আর এই চ্যালেঞ্জ মাথায় রেখে চারটি প্রতিষ্ঠান–সোসাইটি ফর এনভায়রনমেন্ট অ্যান্ড হিউম্যান ডেভেলপমেন্ট (সেড), পাওয়ার অ্যান্ড পার্টিসিপেশন রিসার্চ সেন্টার (পিপিআরসি), খ্রিস্টিয়ান কমিশন ফর ডেভেলপমেন্ট ইন বাংলাদেশ (সিসিডিবি) এবং গ্রাম বিকাশ কেন্দ্র (জিবিকে)–যৌথভাবে কাজ করছে। প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীকে সুনির্দিষ্টভাবে সংজ্ঞায়িত করে তাদের বর্তমান অবস্থার মানচিত্রায়ণ এবং তাদের সক্ষমতা ও যোগাযোগ শক্তিশালী করতে ২০১৬ সালের ফেব্রুয়ারি থেকে এ চার প্রতিষ্ঠান শুরু করেছে সাড়ে তিন বছরের একটি প্রকল্প। ইউরোপীয় ইউনিয়ন ও ইকো কোঅপারেশনের অর্থায়নে পরিচালিত হচ্ছে প্রকল্পটি।

গবেষণা ও অনুসন্ধান থেকে এ পর্যন্ত আমরা যেসব তথ্য-উপাত্ত পেয়েছি তার সার-সংক্ষেপ সবার সামনে তুলে ধরতে, বাংলাদেশে প্রান্তিকতা ও বিচ্ছিন্নতার চ্যালেঞ্জ মোকাবেলায় একসাথে চিন্তা করতে এবং নানা জাতিগোষ্ঠী ও প্রান্তিক মানুষের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্য উপস্থাপন করতে রংপুরের আরডিআরএস বাংলাদেশ-এ ১৬ এবং ১৭ নভেম্বর ২০১৭ আমরা একটি সম্মেলনের আয়োজন করেছি। সম্মেলনের মূল বিষয় সমতলের আদিবাসী ও প্রান্তিক জনগোষ্ঠীর বন ও ভূমির অধিকার।

সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিশিষ্ট অর্থনীতিবিদ অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ। বিশেষ অতিথি এবং বক্তা মোহাম্মদ আফজাল, ড. হরিশংকর জলদাস, রবীন্দ্রনাথ সরেন, ড. হামিদা হোসেন, ড. মো. আবদুল ওয়াজেদ, মো: রবিউল ইসলাম এবং ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধি। প্রান্তিক জনগোষ্ঠী, সুশীল সমাজ, স্থানীয় প্রতিষ্ঠান, রাষ্ট্রীয় সংস্থা, মানবাধিকার সংগঠন, সাংস্কৃতিক সংগঠন এবং গণমাধ্যমের প্রতিনিধিরা সম্মেলন ও সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন।

সম্মেলনে আপনাকে আন্তরিক আমন্ত্রণ।

**ড. হোসেন জিল্লুর রহমান**
নির্বাহী চেয়ারম্যান, পিপিআরসি

**ফিলিপ গাইন**
পরিচালক, সেড

**জয়ন্ত অধিকারী**
নির্বাহী পরিচালক, সিসিডিবি

**মোয়াজ্জেম হোসেন**
প্রধান নির্বাহী, জিবিকে

## অনুষ্ঠানসূচি

### ১৬ নভেম্বর ২০১৭ (বৃহস্পতিবার)

০৮:৩০ *নিবন্ধন*

০৯:৩০ *র‌্যালি*। উদ্বোধক: মোহাম্মদ আফজাল, ভাষাসৈনিক

১০:৩০ চা বিরতি

### উদ্বোধনী পর্ব

১১:০০ *স্বাগত বক্তব্য:* মোয়াজ্জেম হোসেন, প্রধান নির্বাহী, জিবিকে

১১:০৫ *মূল প্রবন্ধ:* প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর বন, ভূমি ও সামাজিক সুরক্ষার অধিকার
–ফিলিপ গাইন, পরিচালক, সেড

১১:৩৫ *সম্মানিত অতিথি ও বক্তা*
মোহাম্মদ আফজাল, ভাষাসৈনিক; ড. হরিশংকর জলদাস, লেখক; রবীন্দ্রনাথ সরেন, সভাপতি, জাতীয় আদিবাসী পরিষদ; এবং জয়ন্ত অধিকারী, নির্বাহী পরিচালক, সিসিডিবি

১২:০৫ *বিশেষ অতিথি*
ড. হামিদা হোসেন, চেয়ারপার্সন, রিসার্চ ইনিসিয়েটিভ, বাংলাদেশ; ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধি; ড. মো. আবদুল ওয়াজেদ, প্রাক্তন মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো; এবং মো: রবিউল ইসলাম, এডিসি (রাজস্ব) রংপুর

১২:৪০ *প্রধান অতিথি:* অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ, অর্থনীতিবিদ

১২:৫৫ *সভাপতি:* ড. হোসেন জিল্লুর রহমান, নির্বাহী চেয়ারম্যান, পিপিআরসি

০১:১৫ দুপুরের খাবার

০২:১৫ ***সমান্তরাল অধিবেশন: এক***
**আলোচ্য বিষয়: হুমকির মুখে ভূমি ও বনের উপর সমষ্টির অধিকার (দেশের উত্তর-পশ্চিম ও উত্তর-মধ্যাঞ্চলে বসবাসকারীদের অভিজ্ঞতা)**
*সভাপতি:* মোয়াজ্জেম হোসেন, প্রধান নির্বাহী, জিবিকে
*সঞ্চালক:* ফিলিপ গাইন, পরিচালক, সেড
*মুখ্য আলোচক:* ভূপেশ রায়, হেড অব এসইডি, জিবিকে এবং ইউজিন নকরেক, সভাপতি, জেএইউপি
*অভিজ্ঞতা বর্ণনা ও আলোচনা:* করুণ সিং; নীলিমা হেমব্রম ও বিচিত্রা তিরকী; এবং রফিকুজ্জামান শাহ, বিভাগীয় বন কর্মকর্তা, রংপুর

***সমান্তরাল অধিবেশন: দুই***
**শহরাঞ্চলের প্রান্তিক জনগোষ্ঠীর ভূমি ও সামাজিক অধিকার (হরিজন ও বিহারিদের অভিজ্ঞতা)**
*সভাপতি:* ড. হরিশংকর জলদাস, লেখক
*সঞ্চালক:* সিলভেস্টার হালদার, হেড অব স্পেশাল প্রোগ্রামস অ্যান্ড এইচআরএমডি, সিসিডিবি
*প্রতিবেদন:* দেবু মল্লিক ও মেহেদি আল-আমিন, সাংবাদিক এবং উচেন অং, পিপিআরসি
*অভিজ্ঞতা বর্ণনা ও আলোচনা:* কালু বাঁশফোর, সাধারণ সম্পাদক, বাংলাদেশ হরিজন ঐক্য পরিষদ, সৈয়দপুর; হারুন-উর রশিদ, সহ-সাধারণ সম্পাদক এসপিজিআরসি; ময়না ঋষি, সমাজকর্মী; এবং সুলেখা ম্রং, সভাপতি, আচিকমিচিক সোসাইটি, মধুপুর

০৫:০০ ***সাংস্কৃতিক সন্ধ্যা***
*সূচনা বক্তব্য:* চিত্ত ঘোষ, সাংবাদিক, দিনাজপুর
*অতিথি বক্তা:* ড. মাসুদুল হক, দিনাজপুর সরকারি কলেজ
*আলোচ্য বিষয়:* আদিবাসী ও প্রান্তিক জাতিগোষ্ঠীর ভাষা ও সংস্কৃতি
*সাংস্কৃতিক পরিবেশনা:* সাঁওতাল, মুশোহর, ওরাঁও ও গারো সাংস্কৃতিক দল।

### ১৭ নভেম্বর ২০১৭ (শুক্রবার)

০৯:০০ ***সমান্তরাল অধিবেশন: তিন***–সমস্যাবৃক্ষ বিশ্লেষণ
*সভাপতি:* ড. হোসেন জিল্লুর রহমান, নির্বাহী চেয়ারম্যান, পিপিআরসি
*আলোচক:* অনীক আসাদ, কান্ট্রি ডিরেক্টর, হেক্স; ব্যারিস্টার জ্যোতির্ময় বড়ুয়া, আইনজীবী, সুপ্রিম কোর্ট; লুকাস কিসপট্টা, ফ্রিল্যান্স কনসালটেন্ট; বাবুল রবিদাস, আইনজীবী, জয়পুরহাট জজ কোর্ট এবং লাকি মারান্ডি, মানবাধিকারকর্মী

***সমান্তরাল অধিবেশন: চার***
*আলোচ্য বিষয়:* ভূমি, বন, সামাজিক ও সাংস্কৃতিক বিষয়গুলোতে প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীসমূহের কর্মকৌশল নির্ধারণে সক্ষমতা বৃদ্ধি
*সভাপতি:* জয়ন্ত অধিকারী, নির্বাহী পরিচালক, সিসিডিবি
*সঞ্চালক:* ড. তানজিমুদ্দিন খান, সহযোগী অধ্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয়
*আলোচক:* ভূপেশ রায়, হেড অব এসইডি, জিবিকে; ফিলিমন বাস্কে, সহ-সভাপতি, বাগদা ফার্ম ভূমি উদ্ধার সংগ্রাম কমিটি; সন্ধ্যা মালো, পরিচালক, ডব্লিউসিডিবি; রিচার্ড মুর্মু, দিনাজপুর জজ কোর্ট এবং মো. আরাফাত হোসেন, সহকারী কমিশনার (ভূমি), নবাবগঞ্জ, দিনাজপুর

১১:০০ চা বিরতি

১১:৩০ ***প্লেনারি:* সমান্তরাল অধিবেশনসমূহের রিপোর্ট পর্যালোচনা**
**সমান্তরাল অধিবেশনে অংশগ্রহণকারীদের রিপোর্ট উপস্থাপন এবং সম্মেলনের লক্ষ্য অর্জনে অংশগ্রহণকারীদের অধিকতর আলোচনা**
*সঞ্চালক:* ড. হোসেন জিল্লুর রহমান, নির্বাহী চেয়ারম্যান, পিপিআরসি

০১:৩০ দুপুরের খাবার

০২:৩০ সমাপনী অধিবেশন: বিবৃতি ও ঘোষণাপাঠ

০৪:৩০ চা বিরতি

০৫:০০ ***সাংস্কৃতিক সন্ধ্যা***
*অতিথি বক্তা:* ড. শাশ্বত ভট্টাচার্য্য, সাংস্কৃতিক ব্যক্তিত্ব
*সূচনা বক্তব্য:* ফিলিপ গাইন, পরিচালক, সেড
*আলোচ্য বিষয়:* প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর পরিচয় ও সংস্কৃতি প্রতিষ্ঠায় চ্যালেঞ্জ
*সাংস্কৃতিক পরিবেশনা:* সাঁওতাল, মাহলে, কোরা ও তুরি সাংস্কৃতিক দল।

---

*যোগাযোগ*
**সোসাইটি ফর এনভায়রনমেন্ট অ্যান্ড হিউম্যান ডেভেলপমেন্ট (সেড)**
১/১ পল্লবী (৬ষ্ঠ তলা), মিরপুর, ঢাকা-১২১৬, ফোন: ৮৮০-২-৯০৩৫০৮০
মোবাইল: ০১৭১৫০০৯১২৩, ০১৭১১৪৪৩১৩১ ই-মেইল: sehd@sehd.org ওয়েব: sehd.org